



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বন্দর, নারায়ণগঞ্জ।



“পুনঃতিলার নিয়োগ বিজ্ঞপ্তি”

এতদ্বারা বন্দর উপজেলাধীন খাদ্যশস্যের সাধারণ ব্যবসায়ী যথাক্রমে মুদি দোকানদার/চালের খুচরা দোকানদারগণকে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা দপ্তরের ২৬/১০/২০১৬ তারিখের ১২২২ নং স্মারক ও খাদ্য বান্দর কর্মসূচী, ২০১৬ এর নীতিমালা অনুযায়ী বন্দর উপজেলায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মদনপুর ইউনিয়নে ০১ (এক) জন খাদ্যবান্দর ডিলার নিয়োগ দেয়া হবে। তৎপ্রেক্ষিতে আগ্রহী ব্যবসায়ীগণকে আগামী ০৩/১১/২০২২ খ্রি: তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবদেনপত্র (সংশ্লিষ্ট কাগজপত্রসহ) দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

- ক) আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্র, ট্রেড লাইসেন্স এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিনি) কপি রঞ্জিন ছবি দাখিল করতে হবে।
- খ) আবেদনকারীর ইউনিয়নের বড় হাটে বা বাজারে নিজস্ব/ ভাড়ায় দোকান থাকতে হবে।
- গ) দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে ও খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- ঘ) আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনের) মেটন খাদ্যশস্য সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে।
- ঙ) আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছ ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে। এবং যে কোন তফসিল ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছতা সনদ দাখিল করতে হবে ও মালামালের হিসাব সংরক্ষনের সক্ষম হতে হবে।
- চ) খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার হিসেবে নিয়োগ করা হবে না।
- ছ) একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচীর ডিলার হতে পারবেন না; এবং
- বা) নির্বাচিত ডিলারকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রে-অর্ডার আকারে ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে এবং নির্ধারিত শর্তাবলী সংবলিত ৩০০/- টাকার নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

এতে উপজেলা নির্বাহী অফিসার, বন্দর মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

জ্ঞাপ্তি:

(কাজী নাহিরা আক্তার)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
বন্দর, নারায়ণগঞ্জ।

স্মারক নং ৬৩৯

তারিখ: ২৬/১০/২০২২ খ্রি:

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ। নোটিশ বোর্ড টাঙ্গানো এবং তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ।
- ৪-৫। চেয়ারম্যান, মদনপুর/খামগড় ইউনিয়ন পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ। বহুল প্রচারের জন্য। নোটিশ বোর্ড টাঙ্গানা এবং তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ।
- ৬। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
- ৭। অফিস কপি।

২৬/১০/২০২২
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
বন্দর, নারায়ণগঞ্জ।